

**শিক্ষানীতি সম্পর্কে  
বিশেষ সম্মেলন  
ডাকা হইবে—জাফর**

ঘোড়াশাল, ১১ই আগষ্ট  
(তথ্যবিবরণী)--সকল মানুষকে  
শিক্ষিত করিয়া তোলার লক্ষ্যে  
যে অন্তর্বর্তীকালীন শিক্ষানীতি  
প্রণয়নের জন্ত সরকার জাতীয়  
শিক্ষা উপদেষ্টা পরিষদ গঠন  
করিয়াছেন উহাকে কোন গতির  
মধ্যে আবদ্ধ না রাখিয়া দেশের  
সর্বস্তরের প্রতিনিধি ও সাধারণ  
মানুষের মধ্যে প্রসারিত করা হইবে  
এবং সকলের স্বাধীন মতামত মুক্ত  
মনে গ্রহণ করা হইবে। এই পরি-  
ষদের কার্যকালের মধ্যে শিক্ষা-  
নীতির উপর আলোকপাত করার  
(৮ম পৃঃ-এর কঃ প্রঃ)

**শিক্ষানীতি সম্পর্কে  
(১ম পৃঃ পর)**

ও স্বয়ং অভিমত দেয়ার জন্ত সরকার  
দেশের শিক্ষাবিদ ও চিন্তাবিদ-  
দের একদিনের জন্ত একটি বিশেষ  
সম্মেলন আয়োজন করিবেন এবং  
উক্ত সম্মেলনে প্রেসিডেন্ট জিয়া-  
উর রহমান অভিমত শোনার  
জন্ত পুরা সময় উপস্থিত থাকি-  
বেন বলিয়া আশা করা যায়।  
শিক্ষামন্ত্রী কাজী জাফর  
আহমদ আজ ঘোড়াশালে  
পলাশ হাইস্কুল ময়দানে ছাত্র-  
শ্রমিক জনসমাবেশে ভাষণদান  
কালে উপরোক্ত তথ্য প্রকাশ  
করেন।  
শিক্ষামন্ত্রী নগেনচন্দ্র গুপ্ত  
হাইস্কুলের ছাত্রদের সাথে এক  
ঘরোয়া আলোচনার মিলিত হন  
এবং পলাশ ইসলামিয়া মাদ্রাসা  
ও দারুসসালাম এতিমখানা পরি-  
দর্শন করেন।